



International  
Labour  
Organization

# শ্রম উন্নয়ন কর্মসূচী-আইএলও গ্লোবাল উন্নয়ন উন্নয়ন কর্মসূচী

প্রতি বছর বাংলাদেশে প্রায় ২০ লাখ শ্রমশক্তি শ্রমবাজারে যুক্ত হয়। বর্তমান সুবিধায় শ্রমশক্তিকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দেওয়ার সক্ষমতা সীমিত। একারণে দেশে যথাযথ ও মানসম্পন্ন সুশ্রম কারিগরি প্রশিক্ষণ ব্যবস্থার উন্নয়নের সুযোগ রয়েছে, যাতে করে স্থানীয় ও বৈশ্বিক শ্রমবাজার চাহিদা পূরণে সক্ষম বিপুল সংখ্যক নারী ও পুরুষ কর্মীর প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন করা যায়।

মানসম্পন্ন প্রশিক্ষণ ব্যবস্থার জন্য প্রয়োজন যোগ্য প্রশিক্ষক এবং অ্যাসেসর; আধুনিক প্রাতিষ্ঠানিক সুবিধাসমূহ এবং একটি বাজারমুখী, সক্ষমতা ভিত্তিক, অন্তর্ভুক্তিমূলক দক্ষতা উন্নয়ন পদ্ধতি প্রয়োজন। এই ধাপগুলো শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধি ছাড়াও শিল্পায়ন, বানিজ্য ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ইউরোপীয় ইউনিয়নের আর্থিক সহযোগিতায় আন্তর্জাতিক শ্রম সংস্থা(আইএলও) ২০০৭ থেকে ২০১৫ পর্যন্ত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি) সংস্কার প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রকল্পটি সফলভাবে প্রচলিত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ পদ্ধতিকে ঢেলে সাজিয়ে বাংলাদেশের দক্ষতা উন্নয়ন ব্যবস্থার (এনএসডিএস) ভিত্তি স্থাপন করেছে। দেশটির ক্রমবর্ধমান শ্রমশক্তির চাহিদা

সফলভাবে চিহ্নিত করতে, দক্ষতা উন্নয়ন ব্যবস্থাকে আরও শক্তিশালী করে নতুন ধাপে নিয়ে যাওয়ার প্রয়োজন দেখা দিয়েছে। একইভাবে তা সংশ্লিষ্ট ও অংশীদারী কর্তৃপক্ষের গ্রহণ, আত্মীকরণ ও অনুসরণেরও প্রয়োজন আছে।

আইএলও এবং ইউইএর অতীত সফল উদ্যোগগুলোর ওপর ভিত্তি করে স্কিলস ট্রেন্টিংওয়ান- অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়নের মাধ্যমে নাগরিকদের ক্ষমতায়ন প্রকল্পটি প্রতিষ্ঠিত হয়েছে। যা ২০১৭-২০২০ সাল পর্যন্ত বাংলাদেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ ব্যবস্থার আধুনিকায়নে কাজ করবে।



গ্লোবাল উন্নয়ন  
উন্নয়ন কর্মসূচী

স্কিলস ট্রেন্টিংওয়ান প্রকল্পে অগ্রাধিকার ভিত্তিক  
করনীয়:

- টিভিইটি/দক্ষতার মান উন্নয়ন ব্যবস্থা শক্তিশালী করা, যার মধ্যে আছে জাতীয় যোগ্যতা কাঠামো বা কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (এনকিউএফ) উন্নয়ন, যাতে করে কারিগরি শিক্ষা ও সাধারণ শিক্ষার মধ্যে যোগ্যতার প্রশ্নে একীভূত অবস্থা বিরাজ করে।
- দক্ষতা ব্যবস্থা উন্নয়ন ব্যবস্থাপনায় উপযোগী আইন, বিধান এবং প্রাতিষ্ঠানিক সেक्टर ওয়াইড এ্যাপ্রোচ কাঠামো স্থাপন করা।
- অন্তর্ভুক্তিমূলক, পরিবেশ সচেতন, উন্নত মানসম্পন্ন এবং শ্রমবাজার বান্ধব মডেল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করা।





## AMônaKvî i tÿĀ tĵ v

**বেসরকারি খাতের সঙ্গে সম্পৃক্ততা:** স্কিলস টুয়েন্টিওয়ান বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে যোগসূত্র গড়ে তুলবে। যাতে করে চাহিদা-অনুযায়ী কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচিগুলো প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে অধিকতর কাজের সুযোগ সৃষ্টি করা হবে।

**প্রবাসী শ্রমিকদের দক্ষতা:** বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী শ্রমিকদের ভূমিকা অনস্বীকার্য। এটি মাথায় রেখে স্কিলস টুয়েন্টিওয়ান এই প্রবাসী শ্রমিকদের দক্ষতা উন্নয়ন ব্যবস্থায় অন্তর্ভুক্তিতে সাহায্য করবে। দেশে ফিরে আসা শ্রমিকদের কীভাবে শ্রমবাজারে পুনঃঅন্তর্ভুক্ত করা যায় এবং প্রবাসগামী শ্রমিক কীভাবে নিজের দক্ষতা উন্নয়নের মাধ্যমে আরও বেশি পারিশ্রমিক পেতে পারেন, সেই নীতি বাস্তবায়নেও কাজ করবে এটি।

**অন্তর্ভুক্তিমূলক:** স্কিলস টুয়েন্টিওয়ান টিভিইটি-তে সবার জন্য অবাধগম্যতা নিশ্চিত করতে কাজ করছে। এটি এমন পরিবেশ নিশ্চিত করবে যাতে করে এখানে নারী, প্রতিবন্ধী ব্যক্তি, আদিবাসী ও উপজাতিদের দক্ষতা উন্নয়নের সুযোগ বৃদ্ধি পায়।

**বাণিজ্যিক সম্ভাবনার বিকাশে সহায়তা:** এই প্রকল্প মডেল প্রতিষ্ঠানগুলোর কাছে অথবা ভেতরেই ছোট ছোট কিছু বাণিজ্যিক সম্ভাবনার বিকাশের নমুনা প্রদর্শন করবে, যাতে করে স্থানীয় উদ্যোক্তাদের জন্য বাণিজ্যিক উদ্যোগের প্রারম্ভিক সহায়তা করা যায়।



**গ্রীণ ইকোনমি:** স্কিলস টুয়েন্টিওয়ান এমন এক উদ্যোগ নেবে যাতে করে, সার্বিক দক্ষতা উন্নয়ন ব্যবস্থা তুলনামূলক আরও বেশি পরিবেশবান্ধব ও টেকসই অর্থনীতির দিকে ধাবিত হয়। যা ক্রমবর্ধমান নতুন পরিবেশ সচেতন শিল্পক্ষেত্রে উপযোগী দক্ষ শ্রমিক গড়ে তোলে।

**সেক্টর ওয়াইড এ্যাপ্রোচ (সোয়াপ) এর শুরু:** স্কিলস টুয়েন্টিওয়ান বাংলাদেশের দক্ষতা উন্নয়ন খাতে সেক্টর ওয়াইড এ্যাপ্রোচ (সোয়াপ) এর ভিত্তি গড়তে কাজ করবে। যা এ খাতে উন্নয়ন ও দাতা সহযোগিতাকে আরও বেশি সমন্বিত ও কার্যকর করে তুলতে সাহায্য করবে।



## Kxfvte w`j m UqvwUl qvb evsj v` ktk mnhv` Ki te

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের পথে সঠিক দক্ষতা ও শিক্ষার অভাবকে একটি বড় বাধা হিসেবে দেখা হয়। স্কিলস টুয়েন্টিওয়ান বৃহৎ পরিসরে কর্মকাঠামোর নীতি, মূল প্রতিষ্ঠানসমূহ, প্রবাসী শ্রমিকদের দক্ষতা উন্নয়নের প্রয়োজনীয়তা এসবের উপর দৃষ্টিনিবন্ধ করে একটি পদ্ধতিগত পরিবর্তন আনবে। মডেল প্রশিক্ষণ প্রতিষ্ঠান, যেগুলো অন্তর্ভুক্তিমূলক, পরিবেশ সচেতন, স্থানীয় অর্থনীতির সহায়ক; এই খাতের ভবিষ্যৎ উন্নয়নের মূল হিসেবে কাজ করবে। এর মধ্যে সহযোগী অংশীদারদের একটি সেক্টর ওয়াইড এ্যাপ্রোচের জন্য সক্ষম করে গড়ে তোলা হবে। যারা অব্যহতভাবে দক্ষতা উন্নয়ন ব্যবস্থাকে চালিয়ে নিয়ে যেতে সাহায্য করবে।



## ev`lvqb mnthvMx

ইইউয়ের আর্থিক সহায়তায় (১৯.৫মিলিয়ন ইউরো) আইএলও বাংলাদেশ সরকারের সহযোগিতায় স্কিলস টুয়েন্টিওয়ান প্রকল্প বাস্তবায়ন করছে। এর সঙ্গে কাজ করছে চাকরিদাতা এবং শ্রমিক সংগঠনগুলোও।

আরও তথ্যের জন্য

Web: ilo.org/bangladesh

Facebook: @ilobangladesh

Twitter: @ilobangladesh